আজকের কাগজ
তারিখ ... 20 APR 1996
পৃষ্ঠা 2 কলাম ৮

36

# কাল চ.বি ডীন, বুধবার শিক্ষক সমিতির নির্বাচন

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও ডীন নির্বাচন জমে উঠেছে। আগামীকাল বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের ডীন নির্বাচন এবং বুধবার শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে মুক্তিযুদ্ধে স্বাধীনতা ও প্রগতির চেতনায় উজ্জীবিত গোলাপী প্যানেল ও স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী চেতনায় উজ্জীবিত শাদা প্যানেলের মধ্যে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হবে। এক জরিপ প্রতিবেদনে দেখা গেছে, এবার এককভাবে কোনো প্যানেল জয়ী হতে পারবে না। গতবারের নির্বাচনেও এককভাবে কোনো প্যানেল জয়ী হতে পারেনি। এবার যারা নির্বাচিত হবেন তারা দলের চেয়ে নিজের ব্যক্তিত্ব ও ব্যাপক পরিচিতির প্রভাবেই জয়ী হবেন। এদের মধ্যে বাণিজ্য অনুষদের ডীন প্রার্থী ডঃ ফসিউল আলম (গোলাপী), বিজ্ঞান অনুষদের ডীন প্রার্থী ডঃ ইউসুফ শরীফ আহমেদ খান উল্লেখযোগ্য। এ ছাড়া শিক্ষক সমিতির সভাপতি পদে গোলাপী প্যানেলের প্রার্থী অধ্যাপক আনোয়ারুল-আজিম আরিফ, সহসভাপতি পদে শাদা প্যানেলের ডঃ আ ন ম মুনীর আহমেদ চৌধুরী, সাধারণ সম্পাদক পদে শাদা প্যানেলের গতবারের নির্বাচিত সাধারণ সম্পাদক ও বর্তমান বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মহাসচিব ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরীর নাম ব্যাপকভাবে আলোচিত হচ্ছে। ডীন প্রার্থীরা হচ্ছেন- বাণিজ্য অনুষদের গোলাপী প্যানেলের বর্তমান শিক্ষক সমিতির সভাপতি ডঃ ফসিউল আলম, শাদা প্যানেলের শিক্ষক সমিতির সাবেক কোষাধ্যক্ষ, প্রভোস্ট প্রক্টর ও অর্থ বিজ্ঞানের চেয়ারম্যান ডঃ কাজী আহমেদ নবী। বিজ্ঞান অনুষদের গোলাপী প্যানেলের রসায়ন বিভাগের অধ্যাপক জহিরুল আলম চৌধুরী। শাদা প্যানেলের শিক্ষক সমিতির সাবেক সভাপতি সামুদ্রিক বিজ্ঞানের অধ্যাপক ইউসুফ শরীফ আহমেদ খান প্রমুখ। বিজ্ঞান অনুষদের একমাত্র স্বতন্ত্র প্রার্থী গণিত বিভাগের অধ্যাপক ডঃ মোহাম্মদ মহিউদ্দিন। শিক্ষক সমিতির ১১টি পদে গোলাপী প্যানেলের প্রার্থিরা

প্যানেলের প্রার্থিরা হচ্ছেন- সভাপতি প্রার্থী অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, সহসভাপতি রঞ্জিত কুমার শর্মা, সাধারণ সম্পাদক ডঃ আলাউদ্দিন, যুগ্ম সম্পাদক সিরাজুদ্দৌলা, কোষাধ্যক্ষ ডঃ সানাউল্লা, সদস্যরা যথাক্রমে অধ্যাপক সামশুল আলম, অধ্যাপক জিয়া হায়দার, অধ্যাপক হামিদা বানু, ডঃ গাজী সুলতান আহমেদ। শাদা

প্যানেলের প্রার্থিরা হচ্ছেন- সভাপতি অধ্যাপক এ কে এম আব্দুল মতিন, সহসভাপতি ডঃ আ ন ম মুনীর আহমেদ, সাধারণ সম্পাদক ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরী, যুগ্ম সম্পাদক তৈয়ব চৌধুরী ও কোষাধ্যক্ষ হারুন রশীদ। সদস্যরা হচ্ছেন, অধ্যাপক ইউসুফ শরীফ খান, অধ্যাপক আবদুর নূর, অধ্যাপক আবদুল মালেক ভূইয়া, অধ্যাপক আনসারুল করিম, অধ্যাপক মোস্তফা কামাল পাশা, অধ্যাপক মোহাম্মদ বদিউর রহমান।